# ২০২০
# বাংলা
## (প্রোগ্রাম)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BENG-G-SEC-T-1

(সাহিত্য পাঠদান ও প্রয়োগ বৈচিত্র্য)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের ছয় থেকে আট পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০

ক) সাহিত্য বিষয়ক আলোচনাচক্রের প্রধান দুটি উদ্দেশ্য বলো।

খ) আলোচনাচক্রের আলোচক কাকে বলা হয়? উপস্থাপক বলতে কি বোঝায়?

গ) 'মহেশ' কি জাতীয় রচনা? এর লেখক কে?

ঘ) 'এই ভারতবর্ষে আসিয়া আমি ৮৮ বৎসর বাস করিলাম।' — এখানে 'আমি' বলতে কাকে বোঝানো হয়েছে? কোন্ রচনার অংশ?

ঙ) "রাজলক্ষ্মীকে কোথায় পাব? ও সব বানানো মিছে গল্প" — কে কোন্ বই সম্পর্কে একথা বলেছেন?

(পরের পাতায়)

চ) সহায়হরি চাটুজ্জে কোন্ গল্পের চরিত্র? 'জীবনের লাবণ্যে ভরপুর হয়ে উঠেছে' কে?

ছ) 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবী যে বইগুলো পড়ার কথা বলেছিলেন তার মধ্যে দুটি বইয়ের নাম বলো।

জ) 'ডাকঘর' কি ধরনের নাটক? এই নাটকের একটি নারী চরিত্রের নাম বলো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'শাস্তি' গল্পের একটি সংক্ষিপ্ত নাট্যরূপদান করো।

খ) 'আমার জীবন' গ্রন্থের একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো।

গ) সাহিত্য বিষয়ক আলোচনাচক্রে বক্তা নির্বাচন কিভাবে করবে সে বিষয়ে তোমার মতামত দাও।

ঘ) 'মহেশ' গল্পের নাট্যরূপদান করতে গিয়ে যেসব অসুবিধার সম্মুখীন হয়েছো তা নিজের ভাষায় বলো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'ডাকঘর' — এই নাটকটির উপর একটি গ্রন্থ পর্যালোচনা নিজের ভাষায় উপস্থাপন করো।

খ) 'পুঁই মাচা' গল্পের নাট্যরূপ নির্মাণ করো।

গ) শ্রেণীকক্ষে সাহিত্য পাঠদানের পদ্ধতিগুলো আলোচনা করো।

ঘ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) গ্রন্থের গঠনগত বৈশিষ্ট্য বিষয়ে একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো।

# Internal Examination

2021

3rd Semester

Sub - Bengali General

**Paper – SEC 1**

Total Marks - 10

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পুঁইমাচা' গল্পটির নাট্যরূপ দান করো।

**অথবা**

রাসসুন্দরী দাসী 'আমার জীবন' গ্রন্থটি পর্যালোচনা করো।

-------------

# ২০২০
# বাংলা
## (প্রোগ্রাম)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড ঃ BNGP-CC-T-3

(জীবনী, আত্মজীবনী ও ভ্রমণসাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২ : ৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) জীবনী সাহিত্যের সংজ্ঞা লেখো।

খ) লেখকের নাম সহ দুটি বাংলা চৈতন্য জীবনীসাহিত্যের নাম লেখো।

গ) 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' ও 'বীরেশ্বর বিবেকানন্দ' গ্রন্থ দুটির লেখকের নাম লেখো।

ঘ) জীবনী ও আত্মজীবনীর দুটি পার্থক্য লেখো।

ঙ) বাংলা সাহিত্যে দুটি ভ্রমণ সাহিত্য লেখকের নামসহ লেখো।

চ) 'আত্মজীবনী' ও 'আত্মকথা' গ্রন্থদ্বয়ের রচয়িতার নাম উল্লেখ করো।

(পরের পাতায়)

ছ) 'সেই আমার প্রথম অভিনয়।' — কোন্ নাটকের কোন্ চরিত্রে বক্তা প্রথম অভিনয় করেছিলেন?

জ) 'হৃদয় আজি মোর কেমনে গেল খুলি' — কোন্ প্রবন্ধের অন্তর্গত? মূল গ্রন্থের নাম কি?

ঝ) 'সেই জন্য বিশ্বপ্রকৃতিকে আড়াল-আবডাল হইতে দেখিতাম' — বক্তা কেন 'বিশ্ব প্রকৃতিকে আড়াল-আবডাল' থেকে দেখতেন?

ঞ) 'মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে' — 'জীবনস্মৃতি' গ্রন্থের কোন্ প্রবন্ধ থেকে গৃহীত? এর পরবর্তী একটি চরণ লেখো।

ট) পলাশু কি?

ঠ) 'সাহেব একটি পয়সা' — কারা, কাকে এ কথা বলেছিল?

ড) সঞ্জীবচন্দ্র পালামৌ কেন গিয়েছিলেন? পালামৌ বর্তমানে কোন্ রাজ্যে অবস্থিত?

ঢ) 'পালামৌ' ভ্রমণ বৃত্তান্তে কোল জাতির কটি শাখার উল্লেখ আছে? কি কি?

ণ) 'আমি প্রায় নিজ তথায় গিয়া বসিয়া থাকিতাম।' — কে, কোথায় গিয়ে বসে থাকতো?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) পিতৃদেব সম্পর্কে রবীন্দ্রনাথের মনে যে অনুভূতি ও আবেগ সঞ্চারিত হয়েছে তা 'জীবনস্মৃতি' গ্রন্থের 'পিতৃদেব' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

খ) 'খাওয়ানো পরানো সাজানো গোছানোর দ্বারা আমাদের চিত্তকে চারিদিক হইতে একেবারে ঠাসিয়া ধরা হয় নাই।' কোন্ প্রবন্ধের অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

গ) জীবনী সাহিত্যের বৈশিষ্ট্য আলোচনা করো। বাংলা সাহিত্যে চারটি জীবনী সাহিত্যের নাম প্রকাশকাল সহ উল্লেখ করো।

ঘ) 'পালামৌ' ভ্রমণ বৃত্তান্তে লেখকের যাত্রাপথের বিচিত্র অভিজ্ঞতার বিশেষ ঘটনাগুলি আলোচনা করো।

ঙ) '...সঞ্জীবের যে একটি সকৌতুক স্নেহ হাস্য নিপতিত রহিয়াছে সেইটি পাঠকের নিকট রমনীয়' — কিভাবে হাস্যরস 'পালামৌ' গ্রন্থে পাঠকের কাছে 'রমনীয়' হয়ে উঠেছে তা ব্যাখ্যা করো।

চ) কোল সম্প্রদায়ের যে পরিচয় 'পালামৌ' ভ্রমণ কাহিনীতে আছে তা আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

ক) 'সঞ্জীবচন্দ্রের সৌন্দর্য চেতনা 'পালামৌ' গ্রন্থে বিশেষ রূপ লাভ করেছে' — এই মন্তব্যের আলোকে 'পালামৌ' গ্রন্থে সৌন্দর্য চেতনার স্বরূপ আলোচনা করো।

খ) 'পালামৌ' ভ্রমণ বৃত্তান্তে লাতেহার পাহাড়ের গুরুত্ব আলোচনা করো।

গ) নিজের শিক্ষা সংক্রান্ত বিষয়ে রবীন্দ্রনাথ 'জীবনস্মৃতি' গ্রন্থে যা লিপিবদ্ধ করেছেন তা বর্ণনা করো।

ঘ) 'ইতিমধ্যে বাড়িতে পরে পরে কয়েকটি মৃত্যুঘটনা ঘটিল' — মৃত্যুঘটনা রবীন্দ্রনাথের মনে কিরূপ প্রভাব ফেলেছিল তা 'মৃত্যুশোক' অংশ অবলম্বনে লেখো।

---

# Internal Examination

**2021**

3rd Semester

Sub - Bengali General

**Paper – CC 3**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) "সে আমাদের ঘরের আত্মীয়েরই মতো" - সে বলতে এখানে কাকে বোঝানো হয়েছে ?

খ) "পালামৌ" প্রবন্ধটি লেখক কোন ছদ্মনামে লিখেছেন ?

গ) "পথে প্রবাসে" গ্রন্থটির রচয়িতা কে ?

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) "আমার জীবনে এইটেই আদি কবির প্রথম কবিতা" - আদি কবির প্রথম কবিতাটি কি ? কবিতাংশটির 'জীবনস্মৃতি' গ্রন্থের কোন অংশে আছে ?

খ) "বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে" - প্রসঙ্গ নির্দেশ করো ।

গ) জীবনী ও আত্মজীবনীর মধ্যে দুটি পার্থক্য লেখ।

ঘ) ভ্রমণ সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখ।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) ভ্রমণ সাহিত্য হিসেবে 'পালামৌ' কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করো।

খ) 'জীবনস্মৃতি' গ্রন্থের রবীন্দ্রনাথের প্রকৃতির সঙ্গে একাত্ম হয়ে ওঠার যে কাহিনী বর্ণিত হয়েছে তা আলোচনা করো।

-------------

# ২০২০
# বাংলা
## (অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : (BNGH-CC-T-5)

(বাংলা কথাসাহিত্যের রূপভেদ ও ছোটগল্প)

পূর্ণমান : ৬০ সময় : ২ : ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) রচয়িতার নামসহ একটি ঐতিহাসিক উপন্যাস ও আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

খ) 'শেষ হয়ে হইল না শেষ' — ছোটগল্পের সমাপ্তির ক্ষেত্রে কথাটির গুরুত্ব কতখানি?

গ) 'মণিহারা' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

ঘ) 'যা বেটারা, ফিরে যা' — কে, কাদের একথা বলেছিলেন?

ঙ) 'জীবিত ও মৃত' গল্পের সারদাশংকরবাবু কোথাকার জমিদার ছিলেন?

(পরের পাতায়)

চ) 'সে উত্তেজনা ভয়ের কি আনন্দের কি কৌতুহলের, ঠিক বলতে পারি না' — কার, কোন্ উত্তেজনার কথা বলা হয়েছে?

ছ) 'স্ত্রীর পত্র' গল্পটিকে ব্যঙ্গ করে রচিত কার লেখা কোন্ গল্প বিখ্যাত হয়েছিল?

জ) 'বিনোদ বলিলেন — নামের ভাবনা কি'। — কোন্ কোন্ নামের কথা বলা হয়েছে?

ঝ) 'বিবিকে খোঁড়া বধ করিতে পারে নাই'। — কেন খোঁড়া তাকে বধ করতে পারেনি?

ঞ) 'মদন তাঁতি যেদিন গামছা বুনবে' — কে, কাকে একথা বলেছে? তাৎপর্য ব্যাখ্যা করো।

ট) 'দেখো রাম নামের মাদুলীটা হারিও না যেন' — কে কাকে একথা বলেছে? এই কথা বলার কারণ কী?

ঠ) 'সুহাসিনী পলের দুটি হাতের দুটি প্রয়োজনের শোভা' — কী কী থাকে তাঁর দুটি হাতে?

ড) 'দেখিলাম ভদ্রলোকটি স্বল্পাহারশীর্ণ, ভাগ্যলক্ষ্মী কর্তৃক নিতান্ত অনাদৃত' — কার সম্বন্ধে একথা বলা হয়েছে? তার পরিচয় দাও।

ঢ) মমতার ঘরে কী কী পাওয়া গেছিল?

ণ) 'কিছুক্ষণ পায়চারি করিয়া বংশলোচনবাবু ক্লান্ত হইয়া খালের ধারে একটা টিপির উপর রুমাল বিছাইয়া বসিয়া পড়িলেন।' — ঘড়িতে তখন কয়টা বেজেছিল? সেই সময় কোন্ মাস ছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) উপন্যাস ও ছোটগল্পের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

খ) ‘জীবিত ও মৃত’ গল্পে চরিত্রটির শোচনীয় পরিণতিতে পারিবারিক ও সামাজিক অবস্থা কতটা দায়ী ছিল আলোচনা করো।

গ) ‘ক্ষুধিত পাষাণ’ গল্পে অতিপ্রাকৃতের ভূমিকা আদৌ শিল্প সিদ্ধি লাভ করেছে কি? তোমার মতামত লেখো।

ঘ) ‘মণিহারা’ গল্পটি ছোটগল্প হিসেবে কতটা সার্থক তা আলোচনা করো।

ঙ) ‘মানুষের কীর্তিই মানুষকে অমর করে’ — কার কোন্ কীর্তির কথা বলা হয়েছে? পাঠ্য গল্প অনুসরণে তার বর্ণনা দাও।

চ) ‘কৌন্তেয়’ কথাটি সুবোধ ঘোষের এই গল্পে কি কারণে ব্যবহৃত? এই প্রসঙ্গে সুহাসিনী পলের চরিত্রটি বিশ্লেষণ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।

খ) ‘স্ত্রীর পত্র’ গল্পে বিন্দুর স্থান নির্ণয় করো।

গ) ‘নারী ও নাগিনী’ গল্পে নারী মনস্তত্ত্ব রূপায়ণে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।


*(পরের পাতায়)*

ঘ) আশাপূর্ণা দেবীর লেখনীতে মধ্যবিত্তের দ্বিচারিতা ও নারীর প্রতি অসম্মানজনক অনুভব প্রকট হয়েছে — পাঠ্য ছোটগল্প অবলম্বনে আলোচনা করো।

———

# Internal Examination

**2021**

3rd Semester

Sub - Bengali Hons

**Paper – CC 5**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) সংজ্ঞা, বৈশিষ্ট্য সহ একটি মনস্তাত্ত্বিক উপন্যাসের আলোচনা কর।

খ) "জীবিত ও মৃত" গল্পের নামকরণের সার্থকতা বিচার কর।

**২) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) "আহা কর কী, মেরো না"- কে কাকে কেন একথা বলেছে ?

খ) "এত সাপ মরে, ওটা মরেও না তো" - তাৎপর্য লেখ।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) "তুমি আমারই ছেলে" - কথাটি কে কাকে কখন বলেছে ?

খ) "ভুবন পরামর্শ দেয়" - ভুবন কাকে কি মরামর্শ দিয়েছে ?

**৪) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) হিমুর স্কুলের বাস কখন আসত ?

খ) "ক্ষুধিত পাষাণ" গল্পের ভৌতিক প্রাসাদ কোথায় অবস্থিত।

-------------

২০২০

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-6

(উপন্যাস)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'রাজসিংহ' উপন্যাসে বর্ণিত ঔরঙ্গজেবের দুই বোনের পরিচয় দাও।

খ) মানিকলালের নকল আঙুল কি দিয়ে তৈরি হয়েছিল?

গ) 'অ্যাফিনিটি' বলতে সন্দীপ কি বুঝিয়েছেন?

ঘ) 'অচেনা বাইরের সঙ্গে চেনাশুনো সম্পূর্ণ হয়ে যখন একটা বোঝাপড়া পাকা হয়ে যাবে তখন দেখব আমার স্থান কোথায়?' — কে বলেছে? কি প্রসঙ্গে?

ঙ) 'তখন মবারক জুতা খুলিয়া একটা পিঞ্জরের উপর পা দিলেন' — কেন ? পিঞ্জরে কি ছিল?

(পরের পাতায়)

চ) 'তোমার মত লোক মনোমোহিনী সুন্দরী যে রাজার মহিষী, সকলেই তাঁহাকে ভাগ্যবান বলিবে' — কে, কাকে, কখন বলেছে?

ছ) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা, নিখিলেশ ও সন্দীপের কয়টি করে আত্মকথা আছে?

জ) 'আমাদের ঘরে এই ভোগের সংসারে খুব অল্প স্ত্রীই যথার্থ স্ত্রীর সম্মান পেয়েছেন' — কার উক্তি? এ কথা কেন বলেছে?

ঝ) 'এতবড় মহাপ্রাণ ত আর কখনও দেখিতে পাই নাই' — কে বলেছে, কার সম্পর্কে ? 'মহাপ্রাণ' কেন বলা হয়েছে?

ঞ) 'ছেলেবেলায় একবার যাকে ভালোবাসা যায়, তাকে কি কখনো ভোলা যায়?' — কে বলেছে, কাকে বলেছে?

ট) একজন চাষি সস্তা দামের জর্মন শাল কিনেছিল, তার শালের কি পরিণতি হয়েছিল?

ঠ) 'এমনই মানুষের স্বাধীনতার মূল্য। এমনই মানুষের ব্যক্তিগত নায্য অধিকার লাভ করার আনন্দ' — এখানে কি স্বাধীনতার কথা বলা হয়েছে?

ড) ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তর প্রথম পরিচয় কিভাবে হয়?

ঢ) 'আমার ভিতরে মা জেগে উঠল যে!' — কার মনোভাব এটি? কেন তার এমন মাতৃভাব জেগেছে?

ণ) 'মুখ তুলিয়া দেখি, ইন্দ্রের দুই চোখ বাহিয়া বড় বড় অশ্রুর ফোঁটা ঝরিয়া পরিতেছে' — কেন ইন্দ্র কাঁদছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'বুড়ি যে সৌন্দর্য দেখিল, তাহা দেখিয়া প্রণত হইতে হয়' — প্রসঙ্গসহ আলোচনা করো।

খ) অন্নদাদিদি ও শাহজীর দাম্পত্য জীবনের বিবরণ দাও। শাহজীর মৃত্যুর কারণ কী?

গ) 'জেবউন্নিসা' চরিত্র বিশ্লেষণ করো।

ঘ) 'তেমনি আমার পণ এই যে, কোনো—একটা উত্তেজনার কড়া মদ খেয়ে উন্মত্তের মতো দেশের কাজে লাগব না' — এই মন্তব্যের আলোকে নিখিলেশের দেশপ্রেমকে ব্যাখ্যা করো।

ঙ) সন্দীপ বিমলার কাছে কত টাকা চেয়েছিল? সেই টাকা সংগ্রহ করার ইতিহাস লেখো। টাকা ফেরতের জন্য কি কি ঘটে?

চ) 'না জানিয়া নারীর কলঙ্কে অবিশ্বাস করিয়া সংসারে বরঞ্চ ঠকাও ভালো, কিন্তু বিশ্বাস করিয়া পাপের ভাগী হওয়ায় লাভ নাই' — প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য বিচার করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ঐতিহাসিক উপন্যাস হিসাবে রাজসিংহের সার্থকতা বিচার করো।

খ) চন্দ্রনাথবাবু, মেজোরাণী, অমূল্য — এই তিনটি চরিত্র 'ঘরে বাইরে' উপন্যাসে কত গুরুত্বপূর্ণ আলোচনা করো।



গ) 'ঘরে বাইরে' উপন্যাসে রাজনৈতিক পটভূমি থাকলেও প্রকৃতপক্ষে এটি একটি মনস্তাত্ত্বিক উপন্যাস — মন্তব্যটি ব্যাখ্যা করো।

ঘ) 'বড় প্রেম শুধু কাছেই টানে না - ইহা দূরেও ঠেলিয়া ফেলে' — শ্রীকান্ত-রাজলক্ষ্মীর সম্পর্কের ক্ষেত্রে মন্তব্যটি ব্যাখ্যা করো।

---

# Internal Examination
**2021**

3rd Semester

Sub - Bengali Hons

**Paper – CC 6**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) রূপনগরের রাজার নাম লেখ ।

খ) 'ঘরে বাইরে' উপন্যাস কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ?

গ) 'শ্রীকান্ত' প্রথম পর্ব কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রথম প্রকাশিত ?

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) 'রাজসিংহ' উপন্যাসের খণ্ড সংখ্যা কত ? শেষ খণ্ডের শিরোনাম উল্লেখ কর ।

খ) 'চন্দ্রনাথবাবু' চরিত্রটি কোন উপন্যাসের চরিত্র ? এই নামের অর্থ কি ?

গ) 'শ্রীকান্ত' প্রথম পর্বের প্রথম

বাক্যটি উল্লেখ কর ।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) জেবউন্নিসা সংশ্লিষ্ট উপকাহিনির উপযোগিতা বিচার কর ।

খ) 'ঘরে বাইরে' উপন্যাসের নামকরণ সার্থকতা বিচার কর ।

গ) 'শ্রীকান্ত' চিত্রসমষ্টিমাত্র - আলোচনা কর ।

---

২০২০

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(বাংলা প্রবন্ধের রূপভেদ, জীবনী ও প্রবন্ধ পাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) দুজন প্রাবন্ধিকের নাম লেখো ও তাঁদের একটি করে প্রবন্ধের নাম লেখো।

খ) পত্রসাহিত্যের একটি বৈশিষ্ট্য নিজের ভাষায় লেখো।

গ) একটি ভ্রমণসাহিত্যের মধ্যে দুটি বিষয়ের উল্লেখ করো যা তথ্যরূপে ব্যবহৃত হয়।

ঘ) জীবনী কয় প্রকারের হয়? প্রতিটির একটি করে উদাহরণ দাও।

ঙ) রম্যরচনা কাকে বলে?

*(পরের পাতায়)*

চ) রাসসুন্দরী দেবীর কত সালে কোন্ মাসে জন্ম? ১৩০৩ সালে তাঁর বয়স কত ছিল বলে তিনি উল্লেখ করেছেন?

ছ) 'আমার জীবন' গ্রন্থটির কটি ভাগ? প্রতি ভাগে মোট কটি করে রচনা আছে?

জ) 'আমি তাহাকে দেখিয়া ছেলে-ধরা ভাবিয়া ভয়ে এককালে মৃতপ্রায় হইলাম।'— 'আমার জীবন' গ্রন্থে কে কার সম্পর্কে একথা বলেছেন?

ঝ) তখনকার দিনে ভাল বৌ হয়ে ওঠার যে দুটি বৈশিষ্ট্য রাসসুন্দরী দেবী লিখেছেন তা উল্লেখ করো।

ঞ) 'আমি প্রাতঃকাল হইতে ওই সমুদায় কাজ করিতে আরম্ভ করিতাম।' — কে একথা বলেছেন? তাঁর কাজের শেষ কখন হত?

ট) 'আমি কোন রিজলিউশ্যনই করিতে প্রস্তুত নহি।' — কে কোন্ রচনায় একথা বলেছে?

ঠ) 'তুমি আমার মন চুরি করিয়াছ।' — কে কাকে একথা বলেছে?

ড) 'এক্ষণে কালগর্ভে নিহিতা।' — কি প্রসঙ্গে একথা বলা হয়েছে দুটি বাক্যে লেখ।

ঢ) 'প্রীতি সংসারে সর্বব্যাপিনী।' — কে কোন্ রচনায় একথা বলেছে?

ণ) 'মনুষ্যফল' রচনায় নারিকেলের যে চারটি সামগ্রীর কথা বলা হয়েছে সেগুলি কি কি?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) প্রবন্ধ কাকে বলে? বৈশিষ্ট্য ও উদাহরণ সহযোগে সংক্ষেপে লেখো।

খ) 'সে দয়ামাধব নহে, সে মানুষ। ইহা শুনিয়া আমি কাঁদিয়া উঠিলাম।' — কেন? প্রসঙ্গটি লেখো।

গ) রাসসুন্দরী দেবীর কর্তার জীবনচরিতটি নিজের ভাষায় সংক্ষেপে লেখো।

ঘ) একটি উৎকৃষ্ট রম্যরচনার বৈশিষ্ট্য আলোচনা করো।

ঙ) মনুষ্যজাতির উপর যদি আমার প্রীতি থাকে, তবে আমি অন্য সুখ চাইনা। কে কোন্ প্রসঙ্গে একথা বলেছেন?

চ) 'আর শুধু খ্যান খ্যান ভালো লাগেনা।' 'খ্যান খ্যান' শব্দটির প্রাসঙ্গিকতা 'বাঙ্গালির মনুষ্যত্ব' রচনা অবলম্বনে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) পত্র সাহিত্যের গঠনরীতির উল্লেখ করে 'ছিন্নপত্রাবলী'কে শিল্পসার্থক পত্র সাহিত্য রূপে বিবেচিত করা যায় কিনা উল্লেখ করো।

খ) 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবীর সামাজিক অনুসন্ধানটি নিজের ভাষায় লেখো।

গ) তোমাদের পাঠ্য প্রবন্ধগুলির আলোকে কমলাকান্তের জীবনদর্শন সংক্ষেপে আলোচনা করো।

ঘ) কৌতুক রস ও জীবন সত্যের সম্মিলন 'আমার মন' নিবন্ধ অবলম্বনে আলোচনা করো।

---

# Internal Examination

**2021**

3rd Semester

Sub - Bengali Hons

**Paper – CC 7**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) 'আমার জীবন' গ্রন্থটি আত্ম-জীবনীমূলক গ্রন্থ হিসেবে কতোটা সার্থক – আলোচনা করো।

খ) 'মনুষ্যফল' প্রবন্ধের মূল বক্তব্য সংক্ষেপে আলোচনা করে নারীজাতি সম্বন্ধে লেখকের মনোভাব ব্যাখ্যা করো।

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) "একা - কে গায় ঐ" প্রবন্ধে লেখক সুখের সন্ধানে বেরিয়ে সুখের ঠিকানা কোথায় খুঁজে মপেয়েছেন ?

খ) 'রম্যরচনা' কথাটির ব্যুৎপত্তিগত অর্থ লেখ। এই ধরণের নামকরণের কারণ কী ?

গ) ছাগনন্দনকে 'দ্বিতীয় দধীচি' বলা হয়েছে কেন ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) বঙ্কিমের পাঠ্য প্রবন্ধগুলির একটি প্রবন্ধে একজন বিজ্ঞানলেখিকার উল্লেখ আছে, তিনি কে?

খ) কে বহরমপুর কলেজে পড়াশোনা করতো ? সে কতো বছর বয়সে মারা যায় ?

-------------

# ২০২০
# বাংলা
## (অনার্স)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## তৃতীয় সেমেস্টার
## কোর্স কোর্ড : BENG-H-SEC-T-1
## (সাহিত্য পাঠদান ও প্রয়োগ বৈচিত্র্য)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ছয় থেকে আট পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) পাঠ পরিকল্পনার জন্য একজন শিক্ষকের যে বিষয়গুলি সম্পর্কে সচেতনতা দরকার তার যে কোন দুটি উল্লেখ করো।

খ) যৌথ আলোচনা কি? সূচক বক্তৃতা বলতে কি বোঝায়?

গ) 'পুঁইমাচা' গল্পের নাট্যাভিনয়ে-র একটি পোস্টার তৈরি করো।

ঘ) 'শাস্তি' গল্প অনুসারে এই গল্পের নাট্যরূপদানের অসুবিধার যে কোন দুটি ক্ষেত্র চিহ্নিত করো।

ঙ) রাসসুন্দরী দেবীর 'আমার জীবন'-র প্রথম সংস্করণের সূচনায় তিনি যে জন্মসাল উল্লেখ করেছেন তা বলো। 'মঙ্গলাচরণ' কোথায় রয়েছে?

(পরের পাতায়)

চ) "কন্যারত্ন সযতনে নিযুক্ত সেবায়।
যখন যা প্রয়োজন সন্মুখে যোগায়।" — কার লেখা কোন্ গ্রন্থের অংশ? এই অংশটি কোথায় রয়েছে?

ছ) 'শ্রীকান্তর ভ্রমণ কাহিনী' — কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? লেখক হিসেবে প্রথম এখানে কি নাম ছিল?

জ) 'ডাকঘর' নাটকের কটি দৃশ্য? এই নাটকে রাজ কবিরাজের আগমন কখন ঘটেছে?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) সাহিত্য বিষয়ক আলোচনাচক্রে বিষয় নির্বাচন ও আলোচনাচক্রের বিষয় উপবিভাগ কিভাবে করা যায় সে বিষয়ে একটি নিবন্ধ রচনা করো।

খ) 'শ্রেণীকক্ষে সাহিত্য পাঠদান এবং অনলাইন মাধ্যম' বিষয়ে একটি বিশ্লেষণমূলক আলোচনা করো।

গ) 'পুঁইমাচা' গল্পের একটি সংক্ষিপ্ত নাট্যরূপ নির্মাণ করো।

ঘ) 'প্রাক চল্লিশ বাংলা ছোটগল্প' — এই বিষয়ের উপর (৩০০ শব্দের মধ্যে) একটি আলোচনাচক্রের পরিকল্পনা পেশ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) রাসসুন্দরী দেবীর 'আমার জীবন' গ্রন্থটির একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো।

খ) 'শাস্তি' গল্পের নাট্যরূপ নির্মাণ করো।

গ) 'রবীন্দ্র উপন্যাসে স্বদেশ ভাবনা' — বিষয়ে একটি আলোচনাচক্র সংগঠন বিষয়ে সংক্ষেপে তোমার পরিকল্পনা উপস্থাপন করো।

ঘ) 'মহেশ' গল্পের নাট্যরূপদান করো।

---

**Internal Examination**

**2021**

3rd Semester

Sub - Bengali Hons

**Paper – SEC 1**

Total Marks - 10

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পুঁইমাচা' গল্পটির নাট্যরূপ দান করো।

**অথবা**

রাসসুন্দরী দাসী 'আমার জীবন' গ্রন্থটি পর্যালোচনা করো।

-------------

২০২০

# বাংলা

অনার্স

(জেনেরিক ইলেকটিভ কোর্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BNGH-GE-T-1

(বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) চর্যাপদের আদি পদকর্তা কে? চর্যাপদের কবিদের মধ্যে সর্বাধিক পদ রচনা কে করেন?

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কত সালে আবিষ্কার করেন?

গ) বাংলা ভাষায় রচিত সর্বশ্রেষ্ঠ চৈতন্যজীবনী কাব্যের নাম ও রচয়িতার নাম লেখো।

ঘ) কৃত্তিবাস ওঝা ও কাশীরাম দাস রচিত অনুবাদিত মহাকাব্য দুটির নাম লেখো।

(পরের পাতায়)

ঙ) 'সুকবিবল্লভ' কোন্ কবির উপাধি? তাঁর রচিত কাব্যের নাম লেখ।

চ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুটি সাধারণ বৈশিষ্ট্য লেখো।

ছ) 'ধর্মমঙ্গল' কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোন্‌টি? গ্রন্থটির রচয়িতা কে?

জ) বাংলা মঙ্গলকাব্যধারায় 'নতুন মঙ্গল' কাব্য কোন্‌টি? কার পৃষ্ঠপোষকতায় কাব্যটি রচিত হয়?

ঝ) শাক্ত পদকর্তা রামপ্রসাদ সেন কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠত্ব লাভ করেন?

ঞ) চৈতন্য পূর্ববর্তী এবং চৈতন্য পরবর্তী দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

ট) 'মাধব বহত মিনতি করি তোয়' — পদটি কোন্ পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে?

ঠ) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে' — কোন্ অলংকারের উদাহরণ? অলংকারটির সংজ্ঞা লেখো।

ড) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা ও উদাহরণ লেখো।

ঢ) স্বরবৃত্ত ছন্দের অপর দুটি নাম লেখো।

ণ) অক্ষরবৃত্ত ছন্দের মাত্রা গণনা পদ্ধতি লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) যে কোন **দুটি** অলংকার সম্বন্ধে আলোচনা করো : শ্লেষ, যমক, উৎপ্রেক্ষা।

খ) 'রাধার কি হৈল অন্তরে ব্যাথা' — পদটি কার লেখা? কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্য সৌন্দর্য ব্যাখ্যা করো।

গ) ছন্দোলিপি নির্ণয় করো :

সেই মনে পড়ে জৈষ্ঠ্যের ঝড়ে রাত্রে নাহিকো ঘুম
অতি ভোরে উঠি তাড়াতাড়ি ছুটি আম কুড়োবার ধুম।

ঘ) টীকা লেখো : (যে কোনো **একটি**)

বিদ্যাপতি, চৈতন্যভাগবত

ঙ) কৃত্তিবাসী রামায়ণের বাঙালীয়ানার পরিচয় দাও।

চ) 'ধর্মমঙ্গল' কাব্যে ঘনরাম চক্রবর্তীর শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির সঙ্গে চর্যাপদের যোগ কতটা? বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের সামাজিক চিত্র আলোচনা করো। ৪+৬

খ) অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ২+৮

গ) 'মনসামঙ্গল' কাব্যধারায় বিজয়গুপ্ত ও নারায়ণদেবের কৃতিত্ব আলোচনা করো। ৫+৫

ঘ) 'গৌরচন্দ্রিকা' কাকে বলে? তোমাদের পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো। ২+৮

# Internal Examination
## 2021
3rd Semester
Sub - Bengali Hons
**Paper – GE 1**
Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ পদকারের নাম কি ?

খ) "অক্ষর" কাকে বলে ?

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) পর্ব কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

খ) "শ্রীকৃষ্ণকীর্তন" কাব্য কে কবে কোথায় থেকে উদ্ধার করেন ?

গ) ছেকানুপ্রাস অলংকার কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) চর্যাপদের সমাজ চিত্র আলোচনা করো।

খ) অক্ষরবৃত্ত ছন্দ কাকে বলে ? বৈশিষ্ট্যসহ উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

-------------